

## যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৮৭২

১/ বিবিধ

আরবী

احذروا كل مسكر، فإن كل مسكر حرام  
ضعيف

رواه ابن عساكر (8 / 42 / 1) عن شعيب بن رزيق عن عطاء الخراساني عن إبراهيم النخعي عن عبد الله بن بريدة الأسلمي عن أبيه مرفوعا. قلت: وهذا إسناد ضعيف: عطاء هو ابن أبي مسلم أبو عثمان الخراساني قال الحافظ: " صدوق يههم كثيرا، ويرسل ويدلس ". قلت: وقد عنعنه. وشعيب بن رزيق هو الشامي أبو شيبة المقدسي، قال الحافظ: " صدوق يخطيء ". والحديث عزاه في "الجامع الكبير" (93 / 675) للطبراني في "الأوسط" أيضا، وكذا في "الفتح الكبير" ولم أره فيه بعد البحث عنه مع العلم أن في النسخة خرما لكن لم يورده الهيثمى في "مجمع الزوائد" والله أعلم. (تنبيه): وقع في مخطوطة (ابن عساكر): (منكر) في الموضوعين، وعليهما حرف التضييب (ص) إشارة من الناسخ إلى أنه وجدها كذلك في أصله. والشطر الثاني من الحديث صحيح من طرق مخرجة في "الإرواء" (2373) وغيره

বাংলা

১৮৭২। তোমরা প্রত্যেক মাতলকারী (বস্তু) হতে বেঁচে থাক। কারণ প্রতিটি মাতলকারী বস্তু হারাম।

হাদীসটি দুর্বল।

এটিকে ইবনু আসাকির (৮/৪২/১) ঞুয়াইব ইবনু রুযায়েক হতে, তিনি আতা খুরাসানী হতে, তিনি ইবরাহীম নাখ'ঈ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু বুরাইদাহ আসলামী হতে, তিনি তার পিতা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আতা হচ্ছেন ইবনু আবী মুসলিম আবু উসমান খুরাসানী। হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী বহু সন্দেহকারী, মুরসাল বর্ণনা করতেন এবং তাদলীস করতেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি আন আন করে বর্ণনা করেছেন।

আর ঞুয়াইব ইবনু রুযায়েক হচ্ছেন শামী আবু শাইবাহ মাকদেসী।

হাফিয ইবনু হাজার তার সম্পর্কে বলেনঃ তিনি সত্যবাদী, ভুলকারী।

হাদীসটিকে “আলজামেউল কাবীর” গ্রন্থে (৯৩/৬৭৫) ত্ববারানীর “আলআওসাত” গ্রন্থের উদ্ধৃতিতেও উল্লেখ করা হয়েছে। "ফাতহুল কাবীর" গ্রন্থে এরূপই এসেছে। কিন্তু অনুসন্ধান করার পর তাতে এটিকে দেখছি না।

উল্লেখ্য হাদীসটির দ্বিতীয় অংশ 'প্রতিটি মাতালকারী বস্তু হারাম' সহীহ। বিভিন্ন সূত্রে বর্ণিত হয়েছে।

"আলইরওয়াউল গালীল" (২৩৭৩) প্রমুখ গ্রন্থে এর তাখরীজ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72755>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন